দৈনিক ইনকিলাব

তাং: 06 MAR 1988
পৃষ্ঠা: 5 কলাম: 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

71

(22)

# শিক্ষাঙ্গন

## প্রাথমিক শিক্ষায় শিশু জরিপ

প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাধীনে দ্বিতীয় সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। এই দ্বিতীয় সার্বজনীন প্রাথমিক প্রকল্প সংক্ষেপে ইউপিই (ইউনিভার্স্যাল প্রাইমারী এডুকেশন) প্রকল্প গত ১৯৮৫-এর জুলাই থেকে চালু হয়েছে এবং তা ১৯৯০-এর জুন মাসে শেষ হবে।

৫ বছর মেয়াদী এই ইউপিই প্রকল্পে সর্বমোট ৪৩৫ কোটি টাকা খরচ ধরা হয়েছে। সে অনুযায়ী এই প্রকল্পের অধীনে প্রাথমিক শিক্ষার উন্নয়নের নিমিত্ত ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে।

তন্মধ্যে প্রতিবছর প্রাথমিক বিদ্যালয় এলাকায় স্কুলে আগমন উপযোগী বয়সের (৬-১০) শিশুদের সংখ্যা জরিপ করা একটি বিশেষ উপল্লখযোগ্য পদক্ষেপ। প্রতিবছর জানুয়ারী মাসের ১ম পক্ষে শিক্ষা পক্ষ পালনকালে দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এই জরিপ সম্পন্ন করা হয়।

প্রাথমিক বিদ্যালয়ে জরিপের সে রেকর্ড নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হয়। এটি শিক্ষকদের কাছে একটি হিসাব পঞ্জী হিসাবে কাজ করে। জরিপ রেজিস্টার থেকে শিক্ষকরা জানতে পারেন তাদের স্কুল এলাকায় নির্ধারিত বয়সের কত শিশু আছে এবং এদের মধ্যে এ পর্যন্ত বিদ্যালয়ে কতজন ভর্তি হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের পরিদর্শক ও কর্মকর্তাগণ স্কুলে গিয়ে প্রথমেই সে জরিপ রেজিস্টার টেনে দেখেন কতজন শিশু বিদ্যালয়ে ভর্তি হয়েছে এবং কতজন এখনো ভর্তি হয়নি। যারা এখনো ভর্তি হয়নি তাদেরকে বিদ্যালয়ে আনার জন্য শিক্ষকগণ পিতা-মাতা ও অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা নিয়েছেন কি-না তা পরীক্ষা করা হয়।

শিশু জরিপ প্রাথমিক শিক্ষা প্রসারে একটি অত্যন্ত সুসংঘটিত পদক্ষেপ ও সুনিয়ন্ত্রিত কার্যব্যবস্থা বলা যায়। এটা সারাদেশে গত ৪ বছর ধরে প্রত্যেক জানুয়ারী মাসে সম্পন্ন হয়। কেননা প্রত্যেক বছরেই স্কুল আগমনোপযোগী শিশুর সংখ্যা বাড়ে। তাই প্রতিবছর নতুন করে জরিপ চালাতে হয়। সারাদেশের শিশু জরিপের যে সংখ্যা তার শতকরা ৭০ ভাগ শিশুকে ইতিমধ্যে বিদ্যালয়ে আনা সম্ভব হয়েছে। এই সংখ্যা বিদ্যালয়ে ভর্তি সংখ্যা, তবে দেখা গেছে, এদের অনেকেই বিদ্যালয়ে অনুপস্থিত থাকে। অনেকই ড্রপ-আউট হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ে শিশু জরিপ খতিয়ান অনুসরণ করে অর্থাৎ জরিপকৃত শিশুদের ঠিকানা, বয়স ইত্যাদি অনুসরণ করে বিদ্যালয়ে ভর্তি সংখ্যা বৃদ্ধি, ড্রপ-আউট কমানো অর্থাৎ এক কথায় প্রাথমিক শিক্ষা দ্রুত প্রসার করায় শিশু জরিপ কার্যক্রম একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা। —সিরাজ হক,